

মিডিয়া বিজ্ঞপ্তি (ঢাকা): জানুয়ারী ২৯, ২০১৮

টানা পঞ্চমবারের মতো আইসিএমএবি সেরা কর্পোরেট অ্যাওয়ার্ড জিতলো সামিট পাওয়ার লিমিটেড



ফটো ক্যাপশনঃ সামিট পাওয়ার লিমিটেডের পড়া ব্যবস্থাপনা পরিচালক লেঃ জেঃ (অবঃ) ইঞ্জিঃ আবদুল ওয়াদুদ এবং কোম্পানী সচিব স্বপন কুমার পাল এফসিএ, মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত এর কাছে থেকে পাওয়ার জেনারেশন এন্ড ডিস্ট্রিবিউশন ক্যাটাগরিতে আইসিএমএবি বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড-২০১৬ গ্রহণ করেন।

দ্য ইন্সটিউট অফ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্টস (ICMAB) কর্তৃক ঘোষিত সেরা কর্পোরেট অ্যাওয়ার্ড ২০১৬-তে পাওয়ার জেনারেশন এন্ড ডিস্ট্রিবিউশন ক্যাটাগরিতে প্রথম পুরস্কার অর্জন করলো সামিট পাওয়ার লিমিটেড। এর মধ্য দিয়ে টানা ৫ম বারের মতো আইসিএমএবি কর্তৃক এই স্বীকৃতি পেল সামিট পাওয়ার লিমিটেড।

রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের গ্র্যান্ড বল রুমমে গতকাল ২৮ জানুয়ারি ২০১৮, রবিবার সন্ধ্যায় এই পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড অ্যাক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান (BSEC) অধ্যাপক ড. এম খায়রুল হোসেন, ফিন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC) এর চেয়ারম্যান সি কিউ কে মুশতাক আহমেদ, দ্য ইন্সটিউট অফ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্টস (ICMAB) প্রেসিডেন্ট জামাল আহমেদ চৌধুরী এফসিএমএ, কর্পোরেট অ্যাওয়ার্ড এন্ড ব্যাঙ্কিং কমিটির (CABC) চেয়ারম্যান মোহাম্মদ আলী নেওয়াজ এফসিএমএ, সামিট পাওয়ার লিমিটেডের ভাইস চেয়ারম্যান মো. লতিফ খান এবং সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. মোজাম্মেল হোসেন।

সামিট পাওয়ার সম্পর্কে বিস্তারিত:

সামিট পাওয়ার লিমিটেড দেশের বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদনে শীর্ষস্থানীয় এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত একটি প্রতিষ্ঠান। বর্তমানে সামিট গ্রুপ মোট ১,৪৯০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহ করছে। এছাড়া সম্প্রতি সামিট পাওয়ার গাজীপুরের কডডায় মোট ৪৪৯ মেগাওয়াট ড়ামতাসম্পন্ন দুটি পাওয়ার প্ল্যান্ট স্থাপন করছে যা ২০১৮ সালের শুরুর দিকে সম্পন্ন হবে। উন্নতমানের বিদ্যুৎ সরবরাহের স্বীকৃতি স্বরূপ সামিট গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৩ সাল থেকে ধারাবাহিকভাবে সেরা বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের স্বীকৃতি পেয়ে আসছে এবং ২০১৭ সালের মার্চ মাসে ক্রেডিট রেটিং এজেন্সি সিআরআইএসএল (CRISL) কর্তৃক দীর্ঘ মেয়াদে ট্রিপল 'এ' রেটিং অর্জন করেছে।

আইসিএমএবি অ্যাওয়ার্ড সম্পর্কে বিস্তারিতঃ

বাংলাদেশের বিভিন্ন খাতে কর্পোরেট প্রতিষ্ঠানসমূহের অসামান্য অবদানের স্বীকৃতি এবং প্রতিযোগিতার মাধ্যমে অধিক কার্যকরী ভূমিকা পালনে জন্য মহৎ উদ্যোগ হিসেবে ২০০৭ সাল থেকে এই পুরস্কার প্রদান করা হয়। এ বছর দ্য ইন্সটিউট অফ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্টস (ICMAB) মোট ১১ টি ভিন্ন ক্যাটাগরিতে ২৭ টি প্রতিষ্ঠানকে বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড প্রদান করে।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫